সপ্তাহে দুই দিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ

স্কুল ও কলেজের সাপ্তাহিক ছুটি দুদিন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত ভার্চুয়াল মন্ত্রিসভা বৈঠকে এ সিদ্ধান্ত হয়।

প্রধানমন্ত্রী গণভবন থেকে এবং মন্ত্রী-প্রতিমন্ত্রীরা সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে যোগ দেন।

বৈঠক শেষে সচিবালয়ে প্রেস ব্রিফিংয়ে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, কবে থেকে ছুটি কার্যকর হবে সেটা শিক্ষা মন্ত্রণালয় নির্ধারণ করবে।

লোডশেডিং পরিস্থিতি বিবেচনা ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান সপ্তাহে দুদিন বন্ধ রাখার বিষয়ে বেশ কিছুদিন ধরে আলোচনায় ছিল। আজ এ বিষয়ে সরকারি সিদ্ধান্ত এলো।

মেহেরপুরের মিলন শেখ ও খোকন ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় নিহত

মেহেরপুর পৌর ঈদগাহ বাজার ব্যবসায়ী সমিতির কোষাধ্যক্ষ ও শেখ ফার্মেসির স্বতাধিকারী মিলন শেখ (৫৫) ও তোয়া হোমিও হলের স্বতাধিকারী হোমিও ডাক্তার মাহাবুবুর রহমান খোকন (৫৬) সড়ক দূর্ঘটনায় নিহত হয়েছেন।

রোববার (২১ আগস্ট) দিবাগত রাত ১১ টা ২০ মিনিটের সময় ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাড়কের নগরবাথান এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মিলন শেখ যশোর জেলার রামনগর গ্রামের জয়নাল আবেদীনের ছেলে ও হোমিও ডাক্তার মাহাবুবুর রহমান খোকন গাংনী পৌর এলাকার

বাঁশবাড়িয়া গ্রামের ইসমাইল হোসেনের ছেলে। সে মেহেরপুর শহরের এক নম্বর ওয়ার্ড ক্যাশবপাড়া এলাকার বাসিন্দা খোকন শহরের তোয়া হোমিও হলের স্বত্বাধিকারী।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সোহেল রানা বলেন, ঝিনাইদহ থেকে একটি মোটরসাইকেলে করে তারা দু’জন চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিলেন। পথে ওই স্থানে পৌঁছালে চালক মিলন মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছের সঙ্গে ধাক্কা মারে। এতে তিনি ঘটনাস্থলে মারা যান। আহত হন খোকন।

পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। জানা গেছে, নিহতরা মেহেরপুর জেলা শহরে বাস করতেন।

মেহেরপুরে কলাগাছ কেটে তসরুপ

ঘাসের জমির সীমানায় (আইল) লাগানো কলার গাছ কেটে তসরুপ করেছে দূর্বৃত্তরা।
মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের বটতলার মাঠে রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতের কোনো এক সময় কলা গাছ কাটার এ ঘটনা ঘটে। শ্যামনগর গ্রামের ভুক্তভোগী কৃষক সিরাজুল ইসলাম জানান, আমার ঘাসের জমির আইলে লাগানো বেশকিছু কলাগাছ রাতের আধারে দূর্বৃত্তরা কেটে তসরুপ করেছে। এঘটনায় আইনের আশ্রয় নেবেন বলে জানান তিনি।

জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় মেহেরপুরের পারভেজ

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় গাংনীর পারভেজ

আহমেদ। গতকাল (২১ আগষ্ট) এশিয়ান পুরুষ অনূর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশিপে অংশ নিতে বাহরাইনের মানামার উদ্দেশ্যে দেশ ছেড়েছে বাংলাদেশ জাতীয় ভলিবল দল। এই দলেই খেলবে গাংনীর কৃতি খেলোয়াড় পারভেজ আহম্মেদ।

আজ ২২ অক্টোবর উদ্বোধনী দিনে ইরাকের বিপক্ষে খেলবে এই দলটি। এছাড়া আগামী ২৪শে আগস্ট অস্ট্রেলিয়ার সঙ্গে খেলবে বাংলাদেশ।

অধিনায়ক তানভীর হোসেন বলেন, ‘আমাদের গ্রুপে থাকা শক্তিশালী ইরাক ও অস্ট্রেলিয়ার বিপক্ষে লড়াই করতে চাই। এই দুই দলের সঙ্গে একটি ম্যাচ জিততে পারলেই পরের পর্ব নিশ্চিত হবে। এই টুর্নামেন্টে ৬ গ্রুপে ১৮টি দল অংশ নিচ্ছে।

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের ইরানী কোচ আলীপোর আরোজির অধীনে অন্যান্য খেলোয়াড়ের সাথে এক মাস অনুশীলন করেছেন পারভেজ আহম্মেদ। উদীয়মান এই তারকা পারভেজ আহম্মেদকে নিয়ে এখন উচ্ছাসিত গাংনীর ক্রীড়াঙ্গণ।

গাংনী উপজেলা ভলিবল দলের অবৈতনিক কোচ জাতীয় ভলিবল ফেডারেশনের অন্যতম সদস্য আতর আলী এবং বাংলাদেশ আর্মি ভলিবল দলের সাবেক অধিনায়ক, বাংলাদেশ জাতীয় দলের সাবেক অধিনায়ক মো: আফজাল হোসেন বলেন এটা গাংনীবাসির জন্য একটি গর্বের বিষয়। তারা বলেন, পারভেজ আহমেদ গাংনী উপজেলা ভলিবল দলের একজন নিয়মিত খেলোয়াড়। জাতীয় ভলিবলে সুযোগ পেয়ে গাংনীকে আবারো আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে গেলো।

পারভেজ আহম্মেদ গাংনী উপজেলা শহরের সিনেমা হলপাড়া এলাকার সোহরাব হোসেনের ছেলে। ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় গাংনী প্রি-ক্যাডেট হাইস্কুল থেকে অংশ গ্রহণ করবে সে।

মেহেরপুরে পরোয়ানাভূক্ত আসামি

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মেহেরপুর ইয়ারুল হোটেলে নোংরা পরিবেশ বন্ধ হয়নি বেড়েছে অভিনব প্রতারণা

নোংরা পরিবেশে খাবার পরিবেশন বন্ধ হয়নি মেহেরপুর শহরের কলেজ মোড় এলাকার ইয়ারুল হোটেলে।হোটেলটিতে শুধু নোংরা পরিবেশই নয়, অভিনব পন্থায় খরিদার সাথে মাংস বিক্রিতেও প্রতারনাও করছেন এই হোটেলটির মালিক।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, প্রতিটি টেবিলে খরিদারদের সামনে দুই পিচ করে মাংস দেওয়া আছে।গ্রাম থেকে আসা অনেক খরিদার এক পিচ মাংসের অর্ডার করলেও তার সামনে দুই পিচ মাংসের বাটি দিয়ে আসছেন হোটেল বয়। গ্রামের মানুষ দুই টুকরো মিলে এক পিচ ভেবে খেয়ে ফেললেই বিব্রত অবস্থায় পড়ছেন। এছাড়া কিছু খরিদার এক পিচ মাংস খেলেও দুই পিচ মাংসই ঝোল মাখানো হাতেই মাংসের দুই পিচই নেড়ে চেড়ে ভাতসহ রেখে দিচ্ছেন। বাটিতে রাখা ভাত ও ঝোল মাখানো হাতের সেই টিপে দেখা মাংসের অপর পিচটি তাদের হাড়িতে রাখছেন।r

আবার সেখান সেখান থেকে তুলে এনে একইভাবে অন্যান্য খাবার টেবিলে পরিবেশন করছেন। এছাড়া কিচেনরুমেও নানা ধরণের ময়লা আবর্জনার স্তুপ জমে আছে। হাত পরিস্কারের বেসিনেও ময়লা আবর্জনা রয়েছে। হোটেলের ৩/৪ জন বয়কে দেখা গেছেপ্রচন্ড গরমে ঘমার্ক্ত শরীরেই খাবার পরিবেশন করছেন। তাদের এই ঘাম হাত পর্যন্ত চুয়ে পড়লেও সেটা মুছার সময় পাচ্ছেননা তারা।

সামসুল ইসলাম নামের এক খরিদার বললেন আমি খেতে বসার আগেই এক পিচ মাংসের অর্ডার দিয়ে বসেছি। কিন্তু আমার সামনে ২ পিচ মাংস দিয়েছে। আমি ভাবলাম দুই টুকরো মিলেই হয়তো এক পিচ। দাম দিতে গিয়ে হোটেলের বয় জানালো দেড় প্লেট ভাত ও দুই পিচ মাংসের দাম রাখেন।

আমি হোটেল মালিককে বললাম আমি তো এক পিচ মাংস চেয়েছি।তিনি উত্তর দিয়েছেন দুই পিচ মাংস দিয়েছি, আপনি সেখান থেকে বাছাই করে এক পিচ মাংস খাবেন। আপনি দুই পিচ খাবেন কেনো? হোটেল মালিকের এমন আচরণ দেখে আমি লজ্জায় মান ইজ্জত বাঁচাতে দুই পিচের দাম দিয়ে চলে আসলাম। তিনি বলেন, আমার মত অনেক খরিদদারদের সাথেই এধরণের প্রতারণা করছেন হোটেল মালিক।

রাজিব হোসেন নামের এক খরিদদার বলেন, আমার পাশেই এক খরিদার তার ঝোল মাখানো (আইটু)নোংরা হাতে দুই পিচ মাংসই টিপে টুপে দেখলো। তারপর এক পিচ তুলে নিল। অন্যপিচ মাংসটি ওই বাটিতেই রাখলো। পরে সেই মাংসের পিচটি আবার তাদের হাড়িতে রেখে দিল হোটেল বয়। এটা দেখার পর হোটেলে খাওয়া আমার বন্ধ হয়ে গেলো।এভাবে নোংরা পরিবেশ থাকলে সেখানে খাওয়া সম্ভব, প্রশ্ন করেন তিনি।

এক পিচ মাংস চাইলেও দুই পিচ মাংস দেওয়া হচ্ছে কেনো এমন প্রেশ্নের জবাবে ইয়ারুল ইসলাম বলেন, আমরা দুই পিচ করে মাংস খরিদদার সামনে দিয়ে থাকি। খরিদদার তার পছন্দমত মাংসটি তুলে নেন। ঝোল মাখানো হাতে মাংস নেড়ে চেড়ে রেখে দেওয়া মাংস আবারো হাড়িতে রাখা প্রসঙ্গে তিনি কোনো উত্তর দেননি। বিষয়টি তার খাবার পরিবেশ বয়য়ের কাছ থেকে শুনতে চান।

উল্লেখ্য, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষেণ অধিদপ্তর ও নিরাপদ খাদ্য অধিদপ্তরের উদ্যোগে গত বুধবার(১৭ আগষ্ট) দুপুরের অভিযান চালিয়ে ১৫ হাজার টাকা জরিমানা করেছে। এছাড়া তাকে পরিস্কার পরিচ্ছন্ন পরিবেশে খাবার প্রস্তত ও পরিবেশন করার নির্দেশ দেন। কিন্তু হোটেল মালিক ইয়ারুল ইসলাম আগের মতই পরিবেশে তার হোটেল ব্যবসা চালিয়ে যাচ্ছেন।

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে – মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ৭১ এর পরাজিত অপশক্তিরা বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করেছিল। ২০০৪ সালের ২১ আগষ্ট জাতী হারাতে বসেছিল জাতির আরেক বীর সন্তান বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনাকে। সেই পরাজিত শক্তি শেখ হাসিনাকে হত্যা করে এদেশের উন্নয়ন, অগ্রযাত্রা এবং বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব হত্যা করতে চেয়েছিল।

রবিবার (২১ আগস্ট) বিকেলে গাংনী উপজেলার বামন্দী হাইস্কুল মাঠে গ্রেনেড হামলা দিবস উপলক্ষে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে বলে মন্তব্য করে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ২০০৪ সালের ২১ আগষ্ট ভয়াল গ্রেনেড হামলায় শেখ হাসিনা প্রাণে বেঁচে গেলেও আইভি রহমানসহ দলের ২৪ জন নেতাকর্মী প্রাণ হারিয়েছেন। এখনও ৪০০ শতাধিক নেতাকর্মী পঙ্গু হয়ে এখনো দু:সহ জীবন যাপন করছেন।

সেই লেলিহান শিখা এখনো বাংলার ঘরে ঘরে দাউ দাউ করে জ্বলছে। ঠিক সেই সময় স্বাধীনতা বিরোধী অপশক্তি ঘাতক চক্র ষড়যন্ত্র করছে। আবারো গ্রাম গঞ্জের প্রতিটি রাস্তা-ঘাট রক্তাক্ত করার পায়তারা করছে তারা। তারা ঘোনায় ঘোনায় মিটিং করছে, আস্ফালন দেখিয়ে হুংকার দিচ্ছেন। তাই আওয়ামীলীগের নেতা কর্মীদের আর বসে থাকার সময় নেই। দ্বিধা দ্বদন্দ্ব ভুলে সবাইকে একত্রি হয়ে তাদের আস্ফালন থামিয়ে দিতে হবে।আওয়ামীলীগের নেতা কর্মীরা এক হলে তারা বাংলাদেশেরেএক ইঞ্চি মাটিও দখল নিতে পারবেনা।

তিনি বলেন, আগামী নির্বাচনে আওয়ামীলীগের নেতৃত্বে এই দেশ আবার সরকার গঠণ হবে। শেখ হাসিনাই দেশের প্রধান মন্ত্রী হবেন। শেখ হাসিনার নেতৃত্বেই দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগ আয়োজিত এই জন সভায় সভাপতিত্বে করেন বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস।

বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান ওবায়দুর রহমান কমলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

পরে গ্রেনেড হামলার তীব্র নিন্দা জানিয়ে একটি বিরাট বিক্ষোভ মিছিল বামন্দী শহরের বিভিন্ন পথ ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

মেহেরপুরে জেলা আওয়ামীলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

২১ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে বিএনপি জামায়াতের বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত সকল বীর শহীদদের স্মরণে মেহেরপুর জেলা আওয়ামীলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ রবিবার বিকেল ৪ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভার্চুয়ালি আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী, সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহ-সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, আইন বিষয়ক সম্পাদক পি.পি পল্লব ভট্টাচার্য,দপ্তর সম্পাদক মকলেসুর রহমান খোকন, জেলা মহিলা লীগের সভাপতি শামীম আরা হিরা, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, পৌর আওয়ামীলীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল প্রমুখ।

এছাড়াও জেলা কৃষক লীগের সভাপতি মাহাবুব উল আলম শান্তি, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক আরিফুল এনাম বকুল,জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মতিউর রহমান, গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক সফিক কামাল পলাশ বক্তব্য রাখেন। এসময় আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ, মহিলা লীগসহ অন্যান্য ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে ২১ আগস্ট বিএনপি জামায়াতের বর্বরোচিত গ্রেনেড হামলায় নিহত সকল বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন ও আত্মার মাগফিরাত কামনা

কুষ্টিয়ার ভেড়ামারায় মাদক ব্যবসায়ীকে ১০ বছরের কারাদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় ১০০ বোতল ফেন্সিডিল বিক্রয়ের অভিযোগে জিয়া
(৩৫) নামে একজনকে ১০ বছর সশ্রম কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

রবিবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অতিরিক্ত আদালত-১ এর বিচারক তাজুল ইসলাম জনাকীর্ন আদালতে আসামীর উপস্থিতিতে এই রায় ঘেষনা করেন।

দন্ডপ্রাপ্ত হলো- ভেড়ামারা উপজেলার ভবানীপুর বিলসুকা গ্রামের বাসিন্দা মৃত শামছুদ্দিনের ছেলে জিয়া। রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) এ্যাড. অনুপ কুমার নন্দী বিষয়টি নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৩ নভেম্বর দুপুরে ভেড়ামারা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা টু কুষ্টিয়া মহাসড়ক সংলগ্ন বারমাইলস্থ জনৈক সালাউদ্দিন মিন্টু এর সোনার বাংলা হোটেলের সামনে জিয়া মাদকদ্রব্য বিক্রয় করার সময়ে তাকে ১০০ বোতল ফেন্সিডিলসহ আটক করে ভেড়ামারা থানা পুলিশ। পরে ভেড়ামারা থানায় পুলিশ বাদী হয়ে আটকৃত জিয়ার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে ২০১৯ সালের ২৭ ডিসেম্বর মামলা তদন্তকারী কর্মকর্তা ভেড়ামারা থানার পুলিশ পরিদর্শক মোঃ মমিনুল ইসলাম ১জনের বিরুদ্ধে অভিযোগ এনে চার্জশীট দাখিল করেন আদালতে।